



এক কিশোর মুক্তিযোদ্ধার জবান বন্দি জাতির পিতাকে

দেওয়ান আবদুল বাসেত

পিতা

না না। ওরা যাই বলে বলুক
আমার তাতে কিচ্ছু
যায় আসে না
মিমাংসিত সত্য যা
বাংলার সাড়ে সাত কোটি মানুষ
একান্তরেই মেনে নিয়েছিলো
করেছিলো মনেপ্রাণে বিশ্বাস
তুমিই ছিলে ঘোষক
অন্যরা তা পোষণ করেছে
বলেই তারা হয়েছে পোষক।

২.

একান্তরের ঐতিহাসিক ৭ই মার্চ
তোমার তর্জনির ইঞ্জিতে
তোমার বঙ্গকণ্ঠে উচ্চারিত শব্দমালায়
যে মহাকাব্য রচিত হয়েছিলো
সেই কাব্যের আবেগ আর উন্মাদনায়
তোমার ভালোবাসার শিশির বিন্দুতে ভিজে ভিজে
আমরা ঝাপিয়ে পড়েছিলাম যুদ্ধে-
ঝরিয়েছি তিরিশ লাখ বুকের রক্ত
মায়ের সম্ভ্রম বাঁচাতে
নদী ছোঁয়া মুক্ত বায়ুর জন্য
দোয়েলের শিস শোনার জন্য
শাপলার হাসি দেখার জন্য।

৩.

ন'মাস হানাদারদের ক্যাম্প বন্দি
অবশেষে উদ্ধার করেছি
ধর্মিত কিশোরী বোনের
রক্তাক্ত সবুজ শাড়ি।
তারপরেও কী ভাবতে পারো
আমরা পোষককে ঘোষক মেনে নেবো!?

৪.

এম্নি নিরস সত্য বলি
আপন ধ্যানেই পথটি চলি
প্রশ্ন জাগে মনের মাঝে
তাই বুঝি কী এই সমাজে
আমায় দেখে কেউ হাসে না
আমায় ভালো কেউ বাসে না
নাইবা হাসুক
নাইবা বাসুক
আমার কিছু যায় আসে না।

রিয়াদ, সউদীআরব

www.marupalash.net

e-mail: marupalash@gmail.com

২০জুন ২০০৯ ইং